

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম অধিদপ্তর
৪, রাজউক এভিনিউ, ঢাকা।

তারিখ : ১৫-০৪-২০১৯খ্রিঃ

রাষ্ট্রায়ত্ব পাটকলসমূহের শ্রমিকদের জন্য সরকার কর্তৃক ঘোষিত মজুরী স্কেল বাস্তবায়ন, বকেয়া মজুরী পরিশোধ এবং বাংলাদেশ পাটকল শ্রমিক লীগ কর্তৃক উত্থাপিত বিভিন্ন দাবীর প্রেক্ষিতে সার্বিক শ্রম পরিস্থিতি বিষয়ে অদ্য ১৫-০৪-২০১৯খ্রিঃ তারিখ শ্রম অধিদপ্তরের সম্মেলন কক্ষে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী বেগম মনুজান সুফিয়ান, এমপি মহোদয়ের উপস্থিতিতে বাংলাদেশ পাটকল শ্রমিক লীগ, রাষ্ট্রায়ত্ব পাটকল সমূহের সিবিএ-ননসিবিএ নেতৃবৃন্দ এবং বিজেএমসি কর্তৃপক্ষের অংশগ্রহণে অনুষ্ঠিত মত বিনিময় সভায় সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হলো :

১। আগামী ১৭ মে ২০১৯খ্রিঃ তারিখের মধ্যে শ্রমিকদের মজুরী ফিক্সেশন সম্পন্ন করা হবে এবং আগামী ১৮ মে ২০১৯খ্রিঃ তারিখে খাতায় উঠবে অর্থাৎ শ্রমিকের অনুকূলে মজুরী স্লিপ প্রদান করা হবে।

২। আগামী ২৫-৪-২০১৯খ্রিঃ তারিখের মধ্যে ১০(দশ) সপ্তাহের বকেয়া মজুরী পূর্বের হারে এবং ০৩(তিন) মাসের বকেয়া বেতন পরিশোধ করা হবে।

৩। পবিত্র শবে বরাত উপলক্ষে মিল থেকে শ্রমিকদের ০১(এক) সপ্তাহের মজুরী পরিশোধের জন্য চেয়ারম্যান, বিজেএমসি কর্তৃক মিল কর্তৃপক্ষকে নির্দেশনা দেয়া হবে।

৪। আগামী ৮ই মে ২০১৯খ্রিঃ তারিখে বিজেএমসি-তে বিজেএমসি কর্তৃপক্ষ এবং পাটকল শ্রমিক লীগ ও সিবিএ নেতৃবৃন্দের সহিত অন্যান্য দাবীদাওয়ার বিষয়ে উভয় পক্ষের মধ্যে আলোচনা অনুষ্ঠিত হবে।

৫। পাটকল শ্রমিক লীগ ও সিবিএ নেতৃবৃন্দ কর্তৃক ঘোষিত সকল কর্মসূচি ১৬-৪-২০১৯খ্রিঃ হতে স্থগিত করা হলো।

১/ সিবিএ নেতৃবৃন্দ
২৫/৪/২০১৯

২/ মনুজান সুফিয়ান
২৫/৪/২০১৯

৩/ বিজেএমসি
স্বাঃ মনুজান সুফিয়ান, সিবিএ নেতৃবৃন্দ
২৫/৪/২০১৯

২৫/৪/২০১৯
মনুজান সুফিয়ান

২৫/৪/১৯